



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৮/৮১৯

তারিখ: ২৯.০৮.২০১৮খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি


“হাতে কলমে বিজ্ঞান শিক্ষা” বর্তমান সরকারের বিজ্ঞান শিক্ষাকে এগিয়ে নেয়ার অনুসৃত একটি নীতি। এ নীতিকে সফল করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশালের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ মহোদয়কে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

- (ক) ০১। প্রতিটি কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান গবেষণাগার থাকতে হবে এবং সে গুলোর বিষয় ভিত্তিক নামাঙ্কিত স্বতন্ত্র কক্ষ থাকতে হবে;
- ০২। বিজ্ঞান গবেষণাগারে পর্যাপ্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদি থাকতে হবে;
- ০৩। নিয়মিত ব্যবহারিক ক্লাস এবং ক্লাসের হাজিরা খাতায় রোল কলসহ তা সংরক্ষণ করতে হবে;
- ০৪। আই.সি.টি ব্যবহারিক ক্লাসেরও হাজিরা খাতা আলাদা থাকতে হবে এবং শিক্ষার্থীদের একাধিক গ্রুপ করে ক্লাস অনুষ্ঠিত হতে হবে;

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮, তারিখ: ২৭.০৮.২০১৮ অনুযায়ী

- ০১। সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারি আত্তীকরণ বিধিমালা-২০১৮ এর আলোকে ২৭১টি সরকারি কলেজের, কলেজ পরিচালনা পর্ষদের কার্যক্রম বিলুপ্ত করা হয়েছে।
- ০২। কলেজের আর্থিক বিষয়সহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম নিম্নরূপভাবে যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে-
(ক) জেলা সদরে অবস্থিত কলেজসমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক।
(খ) উপজেলার মধ্যে অবস্থিত কলেজ সমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার।

(গ) ০১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫, তারিখ: ১২.০৬.২০১৮ অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের চাকরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোনো অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না।


২৯.০৮.২০১৭

ড. মো: লিয়াকত হোসেন ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

অধ্যক্ষ

অত্র বোর্ডে আওতাধীন কলেজসমূহ

অনুলিপি:

২। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো

৩। সংরক্ষণ নথি